# বরগুনা পৌরসভা কার্যালয়

জেলা : বরগুনা

ফোন : অফিস : ০২-৪৭৮৮৮৬১৪৪

মোবাইল : ০১৭১২৮৭৭০৪৭

**Barguna Pourashava**

District : Barguna

Phone : Office : 02-478886144

Mob : 01712877047

www.bargunamunicipality.gov.bd




"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০০.০৪৪০.১০১.৩৬.০০১.২৩-২২৬

তারিখঃ ০৯.০৪.২০২৩ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৬.২২.৫৫৫; তারিখ : ০৩ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখের জনবল নিয়োগের ছাড়পত্রের আলোকে বরগুনা পৌরসভার সংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত পদসমূহের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | নক্সাকার | ১ (এক)টি | গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- | ডিপ্লোমা কোর্সের স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন হইতে হইবে। |
| ২. | কার্য সহকারী | ১ (এক)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে। |
| ৩. | সহকারী কর আদায়কারী | ১ (এক)টি | গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী পাশ। |
| ৪. | স্বাস্থ্য সহকারী | ১ (এক)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচ,এস,সি পাশ (বিজ্ঞানবিভাগ/জীববিজ্ঞানসহ) বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫. | বাজার পরিদর্শক | ১ (এক)টি | গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী পাশ। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬. | আদায়কারী (বাজার) | ১ (এক)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৭. | টিকাদানকারী (পুরুষ) | ১ (এক)টি | গ্রেড-১৭ ৯০০০-২১৮০০/- | স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক পাশ হইতে হইবে। টিকাদান কাজে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮. | পাইপ লাইন মেকানিক | ১ (এক)টি | গ্রেড-১৭ ৯০০০-২১৮০০/- | ৮ম শ্রেণী পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৯. | ট্রাক চালক | ১ (এক)টি | গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০/- | ৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১০. | পাম্প চালক | ২ (দুই)টি | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

**শর্তাবলী :**

১। আগ্রহী প্রার্থীকে আগামী ০৯.০৫.২০২৩ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ের মধ্যে মেয়র বরগুনা পৌরসভা বরাবরে আবেদন পৌঁছাতে হইবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সম্বলিত ১০/- টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত ৯.৫x৪.৫ ইঞ্চি ফেরত খাম দিতে হবে। সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

২। ০৯.০৫.২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোভিড-১৯ পরিস্থিতির কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রে পদের নাম, বিজ্ঞপ্তি নাম্বার, তারিখ, প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজীতে বড় অক্ষরে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন নাম্বার, জন্ম তারিখ (দিন মাস বৎসর), জন্মস্থান (জেলা), ০৯.০৫.২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স (দিন মাস বৎসর), পিতা/স্বামীর নাম, মাতার নাম, ঠিকানা (বর্তমান ও স্থায়ী), যোগাযোগ নাম্বার, জাতীয়তা, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, ধর্ম, পেশা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিষয়, শিক্ষাপ্রতিষ্ঠান, পাশের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয়, গ্রেড/শ্রেণী/বিভাগ), অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞাত (যদি থাকে), কোটা (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ও অন্যান্য) উল্লেখ করিতে হইবে।

৪। আবেদনের সাথে সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতাসহ সকল সনদের সত্যায়িত কপি, সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের সত্যায়িত কপি, চারিত্রিক সনদের কপি এবং মেয়র, বরগুনা পৌরসভা বরাবরে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৫। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি এবং অন্যান্য কোটার ক্ষেত্রে দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬। সকল ক্ষেত্রে সত্যায়নকারী প্রথম শ্রেণীর কর্মকর্তার নাম পদবি সম্বলিত সীল ব্যবহার করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। সরকারী বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।

৯। একাধিক পদে আবেদনকারী প্রার্থীগণ একটি পদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

১০। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

১১। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি নিয়োগ কমিটির সদস্য-সচিব বরাবর দাখিল করতে হবে।

১২। এ নিয়োগে পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৪। কোন তথ্য গোপন করে, ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করত তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে বিবেচনা করা হবে।

১৬। নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতন-ভাতাদি পৌরসভার নিজস্ব/রাজস্ব তহবিল হতে প্রদান করা হবে।

১৭। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ কামরুল আহসান মহারাজ)
মেয়র
বরগুনা পৌরসভা, বরগুনা

ডিজি-৭০৯/২৩ (১০"×৩)